

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দাগনভূঞা, ফেনী।  
[www.daganbhuiyan.feni.gov.bd](http://www.daganbhuiyan.feni.gov.bd)

স্মারক নং-৩১.২০.৩০১৫.০০২.১৬.০০৩.২৫-৬৩৪

তারিখ: ০২ চৈত্র ১৪৩১  
১৬ মার্চ ২০২৫

১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দের জন্য সরকারী বন্ধ জলমহাল ইজারার দরপত্র বিক্রান্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দাগনভূঞা উপজেলাধীন নিম্নোক্ত তফসিলে বর্ণিত জলমহালসমূহের ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	জলমহালের নাম	মৌজার নাম	খতিয়ান	দাগ নং	আয়তন	সরকারি ইজারা মূল্য	মন্তব্য
০১.	বাখানিয়া পুকুর	২৭ নং জয়নারায়নপুর	০১	২৪১৬	০.৭২০০	১৫,১২৫/-	
০২.	চন্ডিভালা দিঘী	২৪ নং পশ্চিম রামচন্দ্রপুর	০১	১৮৬	১.৮৭০০	১৫,০০০/-	
০৩.	জয়নারায়নপুর পাদুয়া দিঘী	২৭ নং জয়নারায়নপুর	০১	১০০৩	১.৫৩	১,৩৮,৬০০/-	
০৪.	ওমাখার দিঘী	২৪ নং পশ্চিম রামচন্দ্রপুর	০১	১৪০৬	১.১৯	৮২,৮০০/-	
০৫.	ব্যাপারী পুকুর	২৪ নং পশ্চিম রামচন্দ্রপুর	০১	৩৫৯	০.৬৩০০	৬,৩০০/-	
০৬.	আবদুল নবী খাস পুকুর	২০ নং আবদুল নবী	০১	১৪৭ হাল ৩১৫	০.২২০০	৬,০০০/-	
০৭.	জয়নারায়নপুর খাস পুকুর	২৭ নং জয়নারায়নপুর	০১	৪১৫	০.২১০০	৩,০০০/-	
০৮.	ছাচিরাম পুকুর	২৪ নং পশ্চিম রামচন্দ্রপুর	০১	৩২৪	২.১৯	১৫,০০০/-	
০৯.	শকুনভালা দিঘী	২৪ নং পশ্চিম রামচন্দ্রপুর	০১	৯২৫	০.৯৪০০	১১,০২৫/-	
১০.	মাতুভূঞা বাজার পুকুর	৭০ নং মমারিজপুর	০১	১৯৩ হাল ১৮৮	০.৫৫০০	৭৬,৫০০/-	


দরপত্র নশদ ৫০০(পাঁচশত) টাকা মূল্যের (অফেরৎযোগ্য) বিনিময়ে জেলা প্রশাসক, ফেনী এর কার্যালয় (স্থানীয় সরকার শাখা) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, দাগনভূঞা অফিস চলাকালীন সময়ে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত সংগ্রহ করা যাবে। ১ম দরপত্র দাখিলের তারিখ : ১৮/০৩/২০২৫ খ্রিঃ, কাজিত ইজারা মূল্য পাওয়া না গেলে ২য় দরপত্র দাখিলের তারিখ : ২৫/০৩/২০২৫ খ্রিঃ, কাজিত ইজারা মূল্য পাওয়া না গেলে ৩য় দরপত্র দাখিলের তারিখ : ০৬/০৪/২০২৫ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে বেলা ১২.০০ টা পর্যন্ত দরপত্র স্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত বক্সে জমা দিতে হবে। দরপত্রসমূহ ঐ দিনই ১.৩০ টার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

শর্তাবলী :

০১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ১৪ মার্চ ২০১২ খ্রিঃ তারিখের সংশোধনী মোতাবেক ক) প্রকৃত মৎস্য জীবীদের খ) বেকার যুবক গ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান ঘ) যুব মহিলা ঙ) বিধবা ও স্বামী পরিত্যক্তা চ) আনসার, ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য ছ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি (সমবায়/সমাজসেবা) জ) অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত, সংগঠন/সমিতির অনুকূলে জলমহাল ইজারা প্রদান করা হবে।
০২. আবেদনের সাথে সংগঠন/সমিতির রেজিস্ট্রেশন সনদ(রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র) সংগঠন/সমিতির নামে গঠনতন্ত্র, সভাপতি/সম্পাদকের নাম ও ঠিকানা (ছবিসহ) এবং সভার কার্যবিবরণী, সদস্য এবং নির্বাহী কমিটির নামের তালিকা (ঠিকানাসহ), জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/ব্যবস্থাপনার রূপরেখা, ব্যাংক সলভেন্সির সাটফিক্টেট, অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্ত করতে হবে।
০৩. প্রকৃত মৎস্যজীবীদের ক্ষেত্রে স্থানীয় ইউ.পি চেয়ারম্যান কর্তৃক মৎস্যজীবী হিসাবে সনদপত্র গ্রহণপূর্বক দাখিল করতে হবে।
০৪. দরপত্রে উল্লিখিত ০৩(তিন) বৎসরের মোট মূল্যের ২০% জামানত হিসাবে তফসিল ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী এর অনুকূলে প্রদান করতে হবে। জামানতের টাকা ৩য় বছরের ইজারার মূল্যের সাথে সমন্বয় করা হবে।
০৫. বছরভিত্তিক ইজারা মূল্য পরিশোধ করতে হবে।
০৬. সর্বোচ্চ দরদাতার দরপত্র গ্রহণ করা হবে। দরপত্র অনুমোদনের ০৭(সাত) দিনের মধ্যে ১ম বছরের ইজারা মূল্য পরিশোধ করতে হবে।
০৭. ইজারাপ্রাপ্ত ব্যক্তি বা সংগঠন কোন অবস্থাতেই ইজারা প্রাপ্ত জলাশয় সম্পূর্ণ কিংবা আংশিক সাব লীজ বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীর নিকট হস্তান্তর করতে পারবে না।
০৮. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সমিতি/প্রতিষ্ঠান দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।



০৯. জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ম অনুযায়ী ইজারা গ্রহীতাকে ভ্যাট ও আয়কর জমা দিতে হবে।  
১০. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(স.ম. আহমদুল ইসলাম)  
উপজেলা নির্বাহী অফিসার

ও  
সভাপতি  
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি  
দাগনভূঞা, ফেনী।

স্মারক নং-৩১.২০.৩০১৫.০০২.১৬.০০৩.২৫ - ৩ ৩ ৪

তারিখ: ০২ চৈত্র ১৪৩১  
১৬ মার্চ ২০২৫

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১. জেলা প্রশাসক, ফেনী।  
০২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ফেনী।  
০৩. প্রশাসক, উপজেলা পরিষদ, দাগনভূঞা, ফেনী।  
০৪. উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী।  
০৫. প্রশাসক, দাগনভূঞা পৌরসভা, দাগনভূঞা, ফেনী। তাঁর নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।  
০৬. উপজেলা..... কর্মকর্তা, দাগনভূঞা, ফেনী।  
০৭. দায়িত্বশ্রাণু কর্মকর্তা (সকল)..... ইউনিয়ন পরিষদ, দাগনভূঞা, ফেনী।  
০৮. জনাব.....  
০৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)..... পৌর/ইউনিয়ন ভূমি অফিস, দাগনভূঞা, ফেনী। বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।  
১০. নোটিশ বোর্ড।  
১১. মাস্টার কপি।

  
১৬. ০৩. ২০২৫

শাহিদুল আলম  
সহকারী কমিশনার (ভূমি)  
ও  
সদস্য সচিব  
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি  
দাগনভূঞা, ফেনী।